ইত্তেফাক



# ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষা স্থগিত

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বোর্ডের চলতি এইচ এস সি পরীক্ষা স্থগিত ঘোষণা করা হইয়াছে। আজ (সোমবার) হইতে যে বিষয়গুলির পরীক্ষা হওয়ার কথা ছিল, সেসব পরীক্ষা স্থগিত থাকিবে।

গতরাত্রে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় যে, স্থগিত ঘোষিত পরীক্ষা অনুষ্ঠানের সংশোধিত সময়-সূচী এতদসংক্রান্ত নির্দেশ খুব শীঘ্রই জানানো হইবে।

পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার উপর্যুপরি খবরাখবরে পরীক্ষার্থী, অভিভাবক ও শিক্ষক মহলে গত সপ্তাহকাল ধরিয়া উদ্বেগ, উৎকণ্ঠা ও সংশয় সৃষ্টি হইয়াছিল। কলেজ শিক্ষক মহল ফাঁস হওয়া প্রশ্নপত্রের ভিত্তিতে গৃহীত পরীক্ষার খাতা দেখিতে অস্বীকৃতির কথাও ঘোষণা করেন। এই পরিস্থিতির মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা কমিটি গতকাল (রবিবার) বিকাল ৫টায় জরুরী বৈঠকে মিলিত হইয়া পরীক্ষা স্থগিত ঘোষণার সিদ্ধান্ত গ্রহণ করে। বোর্ডের ঊর্ধ্বতন 'সিন্ডিকেট' গতকাল (রবিবার) বিকাল ৬টায় জরুরী বৈঠকে পরীক্ষা কমিটির সিদ্ধান্ত অনুমোদন করে।

দায়িত্বশীল মহল হইতে শনিবারের পদার্থ বিজ্ঞানের দ্বিতীয় পত্রের ফাঁস হওয়া প্রশ্নপত্রের অনুলিপি পরীক্ষা শুরু হওয়ার তিন ঘণ্টা পূর্বে বোর্ড কর্তৃপক্ষের কাছে পৌঁছাইয়া দেওয়া হয়। ইতিপূর্বেকার ''গুজবে'' বোর্ডের বিশ্বাস না জন্মিলেও ইহার ফলে তাহাদের বিশ্বাস জন্মে যে, প্রশ্নপত্র ফাঁস হইয়াছে। ইহার পরই বোর্ড প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করে এবং গতকাল সন্ধ্যায় পরীক্ষা স্থগিত ঘোষণার চূড়ান্ত সিদ্ধান্ত নেয়।

নির্ভরযোগ্য সূত্রে জানা গিয়াছে, ইতিমধ্যে যেসব বিষয়ের পরীক্ষা গৃহীত হইয়াছে। সেগুলি সম্পর্কে আগামী দুই-একদিনের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করা হইবে। এই পরীক্ষাগুলি বাতিলও করা হইতে পারে।

(৮ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## আবার সেই প্রবণতা

(ইত্তেফাক রিপোর্ট)

প্রশ্নপত্র ফাঁস হওয়া এবং নকল প্রবণতা রোধে সরকার সুস্পষ্ট কার্যকর পদক্ষেপ গ্রহণ না করা পর্যন্ত কলেজ শিক্ষকদের দুইটি জাতীয় সংগঠন ঢাকা বোর্ডের চলতি এইচ, এস, সি পরীক্ষার খাতা দেখা হইতে বিরত থাকার জন্য সরকারী ও বেসরকারী সকল কলেজ শিক্ষকের প্রতি আহ্বান জানাইয়াছে।

সরকারী কলেজ সমিতি এবং বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদকদ্বয় গতকাল (রবিবার) এক যুক্ত বিবৃতিতে বলেন, দেশ স্বাধীন হওয়ার অব্যবহিত পরের সময়ের ন্যায় এখন আবার পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও নকলপ্রবণতা এবং শিক্ষকদের নির্যাতন ও ভীতি প্রদর্শন প্রবল হইয়া উঠিয়াছে।

## পরীক্ষা স্থগিত

(১ম পৃঃ পর)

পরীক্ষা স্থগিত ঘোষণার সঠিক সংবাদ জানার জন্য বহুসংখ্যক পরীক্ষার্থী গত রাত্রে সংবাদপত্র অফিসগুলিতে ভীড় জমায়। অভিভাবক মহলও পূর্ববর্তী পরীক্ষাগুলির অবস্থা কী হইবে এবং পুনঃপরীক্ষা কবে নাগাদ অনুষ্ঠিত হইবে, তাহা জানিবার জন্য সংবাদপত্র অফিসে যোগাযোগ করেন। বর্তমান সেশনে পরীক্ষা বিলম্বিত হইলে পরবর্তী সেশনের সহিত তাহা একীভূত হইয়া যাইবে বলিয়া অনেক পরীক্ষার্থী উদ্বেগ প্রকাশ করে। প্রশ্নপত্র ফাঁস হওয়ার জন্য দায়ী মহলের শাস্তির দাবীতে গত রাতে বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা একটি 'সংগ্রাম পরিষদ' গঠন করিয়াছে বলিয়া এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হইয়াছে।